# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯
০২-২২৩৩৫৮৬৮১
ই-মেইল dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেবি-শাখা-০৪(এসএমই)-৭(৯)/২০২২-২৩/ ১১৬৬(১২৫০) তারিখঃ ০৮/১১/২০২২

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেকই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল স্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য এবং নারীদের প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে অংশগ্রহনকে ত্বরান্বিত করার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে অত্র ব্যাংকের সিএমএসএমই এর আওতায় নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৭৫০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়। অত্র বিভাগের পত্র নং-৭(৯)/ ২০২২-২০২৩/৫৬৫(১২৫০), তারিখ ঃ ৩০/০৮/২০২২ মূলে বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা বন্টনপূর্বক তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩০/১০/২০২২ তারিখ ভিত্তিক সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপ ঃ (কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | নারী উদ্যোক্তাদের জন্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | বিতরণের অর্জন | | অর্জনের শতকরা হার (%) | আনুপাতিক লক্ষ্যমাত্রা | আনুপাতিক লক্ষ্যমাত্রা হতে পিছিয়ে আছে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ | | | | |
| ১ | ঢাকা | ১৯২.০০ | ৭৯ | ৬.১৭ | ৩.২১% | ৬৪.০০ | (-)৫৭.৮৩ | হতাশাব্যঞ্জক |
| ২ | ময়মনসিংহ | ৭৭.২৫ | ১১৮ | ৫.৯৯ | ৭.৭৫% | ২৫.৭৫ | (-)১৯.৭৬ | হতাশাব্যঞ্জক |
| ৩ | চট্টগ্রাম | ৭০.৫০ | ৪৮ | ১.৯৩ | ২.৭৪% | ২৩.৫০ | (-)২১.৫৭ | হতাশাব্যঞ্জক |
| ৪ | খুলনা | ৮৬.২৫ | ৩৩ | ১.৬৭ | ১.৯৪% | ২৮.৭৫ | (-)২৭.০৮ | হতাশাব্যঞ্জক |
| ৫ | বরিশাল | ২১.০০ | ৭৪ | ২.০৪ | ৯.৭১% | ৭.০০ | (-)৪.৯৬ | হতাশাব্যঞ্জক |
| ৬ | সিলেট | ৪৪.২৫ | ২০ | ০.৬৪ | ১.৪৫% | ১৪.৭৫ | (-)১৪.১১ | হতাশাব্যঞ্জক |
| ৭ | কুমিল্লা | ১১১.০০ | ২৪ | ০.৮২ | ০.৭৪% | ৩৭.০০ | (-)৩৬.১৮ | হতাশাব্যঞ্জক |
| ৮ | ফরিদপুর | ৭৮.৭৫ | ২০ | ০.৬৬ | ০.৮৪% | ২৬.২৫ | (-)২৫.৫৯ | হতাশাব্যঞ্জক |
| ৯ | কুষ্টিয়া | ৫৪.০০ | ৫৫ | ২.৮৪ | ৫.২৬% | ১৮.০০ | (-)১৫.১৬ | হতাশাব্যঞ্জক |
| ১০ | এলপিও | ১৫.০০ | - | - | ০% | ৫.০০ | (-)৫.০০ | হতাশাব্যঞ্জক |
| | সর্বমোট= | ৭৫০.০০ | ৪৭১ | ২২.৭৬ | ৩.০৩% | ২৫০.০০ | (-)২২৭.২৪ | |

- বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরের ০৪ (আট) মাস অতিক্রান্ত হলেও কোন বিভাগীয় কার্যালয়ই নারী উদ্যোক্তাদের সিএমএসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে আনুপাতিক লক্ষ্যমাত্রার ৩৩% অর্জনের নির্দেশনা থাকলেও অর্জিত হয়েছে মাত্র ৩%, যা খুবই হতাশাব্যঞ্জক।

০৩। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের সেপ্টেম্বর ৫, ২০১৯ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ (এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার) এ বর্ণিত নির্দেশনা মোতাবেক আগামী ২০২৪ সালে নারী উদ্যোক্তা খাতে ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫%। সে লক্ষ্যকে সামনে নিয়ে নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরে নারী উদ্যোক্তা খাতে সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবে ঃ

(ক) প্রত্যেক শাখাকে নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে। ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয় এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে একটি "Women Entrepreneur's Development Unit"(নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) গঠন করা হয়েছে। এ ইউনিট শাখা পর্যায়ের Women Entrepreneurs' Dedicated Desk সমূহের কার্যক্রম মনিটরিং করবে।

চলমান পাতা-০২

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরে এসএমই'র আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ/আর্থিক সেবা প্রদানে গতিশীলতা আনয়ন ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

(খ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;

(গ) বর্তমান ২০২২-২৩ অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করতে হবে। স্থাপিত ডেস্কের মাধ্যমে প্রতিটি শাখা কর্তৃক কমপক্ষে ২৫ জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে তন্মধ্যে অন্তত ১৫ (পনের) জন সম্ভবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;

(ঘ) নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও ) জমি, বিল্ডিং প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সদ্ব্যবহার নিশ্চিত করে সিএমএসএমই খাতে বিশেষত নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে

(ঙ) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখাসমূহের জন্য নিয়ন্ত্রণকারী কার্যালয় আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে;

(চ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন (এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২)। অত্র স্কীমের আওতায় ঋণগ্রহিতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেনটিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে। শাখাসমূহে উক্ত স্কীমের আওতায় প্রদত্ত ঋণের উপর প্রণোদনা প্রাপ্তির প্রক্রিয়া এবং প্রয়োজনীয় দলিলাদির তালিকা সম্বলিত লিফলেট/পোষ্টার দৃশ্যমান স্থানে প্রদর্শণ করতে হবে;

(ছ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক একইরূপ পণ্য বা সেবা উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে নারী উদ্যোক্তাদের ক্লাষ্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;

(জ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধকরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক প্রদত্ত নীতি সহায়তাসমূহ অবহিতকরণের নিমিত্ত বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষন কর্মসূচি/কর্মশালার আয়োজন করতে হবে।

০৪। প্রতিবছরের ন্যায় ২০২২-২০২৩ অর্থবছরে অর্থ মন্ত্রনালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে। নারী উদ্যোক্তা খাতে অর্থায়ন উক্ত চুক্তির একটি গুরুত্বপূর্ণ সূচক, যা ব্যাংকের ভাবমূর্তি উন্নয়নে ভূমিকা রাখে। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণ পূর্বক নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতঃ আগামী ডিসেম্বর/২০২২ ভিত্তিক ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন এবং ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৮/১১/২০২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৯)/২০২২-২০২৩/ ১১ ৬২ (১২৫৩) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/১১/২০২২
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক